হরিণাকুণ্ডুর দৌলতপূর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্যপদে উপ-নির্বাচনে বিজন নির্বাচিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৪নং দৌলতপূর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের উপ-নির্বাচন অবাধ সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বিজন পারভেজ সোহাগ (মোরগ প্রতিক) নিয়ে ১৩১৫ ভাট পেয়ে নির্বাচিত হয়েছেন তার নিকটতম প্রতিদ্বন্দ্বী তোফাজ্জেল হোসেন (ফুটবল প্রতিক) নিয়ে ৩৭১ ভোট পেয়েছেন।

মঙ্গলবার সকাল ৯টায় ভোট গ্রহণ শুরু হয়ে বিকাল ৫টায় শেষ হয় । উপ-নির্বাচনে তিনজন প্রার্থী অংশগ্রহণ করেছিল।

উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ নূর-উল্লাহ জানান ৪নং দৌলতপূর ইউনিয়নের তিনটি গ্রাম নিয়ে এই ৫নং ওয়ার্ড, এই ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য গোলাম হায়দার আলী গত ২০১৯ সালের ১৫ ডিসেম্বর মৃত্যুবরণ করলে পদটি শুন্য হয়ে পড়ে।

এই ওয়ার্ডে মোট ভোটার সংখ্যা ছিল-২২৭৫ তার মধ্যে মহিলা-১১২৮ এবং পূরুষ ভোটের সংখ্যা ১১৪৭ জন। তিনি এই নির্বাচন শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে বলে দাবী করেন ।

নির্বাচন চলাকালীন সময়ে ঝিনাইদহ সহকারী পুলিশ সুপার (শৈলকুপা- হরিণাকুণ্ডু সার্কেল) আরিফুল ইসলাম, হরিণকুণ্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা উপস্থিত ছিলেন।
রামচন্দপূর সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে সরকারী লালনশাহ্ কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক শরিফুজ্জামান প্রিজাইডিং অফিসারের দায়ত্ব পালন করেন।

মেহেরপুরে নতুন করে ২ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে একজন মেহেরপুর সদরের বাসিন্দা অপর একজন গাংনী উপজেলার বাসিন্দা।

মঙ্গলবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৩ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১১ জনের। আর পজেটিভ আসে ২ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৩৮৯ টি, সর্বমোট পজিটিভ ৬৪৬ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫১ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ১৬ জন । এদের মধ্যে সদরে-৮ জন, মুজিবনগরে-৪ জন এবং গাংনীতে-৪ জন। সুস্থ হয়েছেন= ৫৬২ জন।এদের মধ্যে সদর-২৯২, গাংনী-২০৫, মুজিবনগর- ৬৫ জন।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্ত ব্যক্তিরা হলেন- মেহেরপুরের চাঁদ বিলের মো: জনি (৩২) ও গাংনী ঈদগা পাড়ার সুমি খাতুন (২৪)।

হরিণাকুন্ডুতে রং তুলির আচড়ে মা দূর্গা প্রস্তুত

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে প্রতিমা নির্মাণ সহ রং তুলির কাজ ইতমধ্যে শেষ হয়েছে। বোধনের অপেক্ষায় প্রহর গুনছে মা দূর্গা, আগামীকাল বৃহস্পতিবার ২৯টি পূজা মন্দিরে মা দূর্গা পিড়িতে উঠবে বলে জানা গেছে। সনাতন ধর্মাবলম্বীদের মহোৎসব শারদীয় দূর্গা পূজা বিগত দিনের ন্যায় এবারও স্বাস্থ্যবিধি মেনে আনন্দঘন পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে ইতমধ্যেই সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে বলে উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক বিশ্বনাথ সাধুখাসহ উপজেলার বিভিন্ন মন্দির ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকগণ জানিয়েছেন।

উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, থানা অফিসার ইনচার্জ মোঃ আব্দুর রহিম মোল্লা জানান মন্দিরে কড়া নিরাপত্তার ব্যবস্থা গ্রহন করা হয়েছে। বরাবরের মতো এবার প্রতি মণ্ডপে নিয়মিত অনসার ডিউটি না রাখলেও গ্রাম পুলিশসহ প্রতি মণ্ডপে দশ জন স্বেচ্ছাসেবক প্রশাসনের নির্দেশ অনুযায়ী আইনশৃঙ্খলা রক্ষার্থে নিয়জিত থাকবে। এছাড়া সাত সদস্যের অস্ত্রধারী ভ্রাম্যমান আনসার সদস্যরা দশটি মন্দিরে পালাক্রমে দায়িত্ব পালন করবে। তাছাড়া উপজেলার ২৯ টি পূজা মণ্ডপে আহারের জন্য প্রতি মন্দিরে পাঁচ শত কেজি চাল বরাদ্দ দিয়েছে বলেও জানান উপজেলা প্রশাসন।

কালীগঞ্জে বাজার মনিটরিং টিম পরিচালনা

ঝিনাইদহের কালীগঞ্জে নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রমের অংশ হিসেবে আজ উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সূবর্ণা রাণী সাহার নেতৃত্বে মনিটরিং টিম পরিচালনা করা হয়।

অভিযান পরিচালনাকালে কালীগঞ্জ ফারইষ্ট কোল্ড স্টোরেজে অভিযান চালনো হয় এবং কোল্ড স্টোরেজে মজুদকৃত আলুর সকল মালিকদের সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে দ্রুত আলু বাজারজাতকরণের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়।

এছাড়াও বাজার মনিটরিং কালে দৃশ্যমান স্থানে দ্রব্যের মূল্য তালিকা না থাকায় কালীগঞ্জ কাঁচা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে ভোক্তা সংরক্ষণ আইন ২০০৯ এর আওতায় ২ জনকে ২৩০০/- টাকা অর্থদন্ড প্রদান করা হয়।

এসময় ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, এনএসআই এর সহকারী পরিচালক সিরাজ-উদ-দৌলা, উপজেলা কৃষি অফিসার হুমায়ুন আহমেদ, কালীগঞ্জ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং কালীগঞ্জ থানার পুলিশ উপস্থিত থেকে সহযোগিতা করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দু’প্রার্থীর এজেন্টকে জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে ২ ওয়ার্ডের শূন্য পদে অনুষ্ঠিত ইউপি সদস্য পদে নির্বাচনে নির্বাচনি আচরণ বিধি লংঙ্ঘন করার অপরাধে দুই প্রার্থির এজেন্টকে জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

দন্ডপ্রাপ্তরা হলেন, জুগিন্দা গ্রামের সাইফুল ইসলামের ছেলে আরিফ হোসেন (২৫) ও একই গ্রামের আলী হোসেনের ছেলে মেহেরুল ইসলাম (২৫)। নির্বাচনে ভ্রাম্যমান আদালত পরিচালনায় দায়িত্বরত নির্বাহী ম্যাজিষ্ট্রেট নূর -ই -আলম সিদ্দিকী ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

আজ মঙ্গলবার সকাল ৯ টা থেকে শুরু হয় ভোট গ্রহন সাড়ে দশটার সময় জুগিন্দা ভোট কেন্দ্রে মফিজুল ইসলাম পক্ষের এজেন্ট আরিফ হোসেন তার বুথ থেকে অপর বুথে প্রবেশ করলে জাকির হোসেন পক্ষের এজেন্ট মেহেরুল তাকে মারধর করার চেষ্টা করলে উভয়ের মধ্যে বাক বিতন্ডা ও ধাক্কা ধাক্কি শুরু হয়।

এ সময় কর্তব্যরত পুলিশ সদস্যরা উভয়কে আটক করে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের অপরাধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে দু’জনকে এক হাজার টাকা করে জরিমানা করেন।

উল্লেখ্য ধানখোলা ইউনিয়নের ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য জাফর আলীর মৃত্যু হলে সদস্য পদটি শুন্য হয়ে পড়ে। আজ মঙ্গলবার সকাল ৯ টা থেকে শুরু হয় ভোট গ্রহন।

উপনির্বাচনে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করার জন্য স্বতস্ফুর্তভাবে অংশ গ্রহন করছেন। ভোট সুষ্ঠ ও নিরপেক্ষ এবং ভোটারদের নির্ভয়ে ভোট কেন্দ্রে প্রবেশ করতে প্রশাসনিক পদক্ষেপ গ্রহন করা হয়েছে।

মেহেরপুরের কলম উদ্যানের মালিক ও বাউল সাধক গোলাম নবীর ইন্তেকাল

মেহেরপুরের গাংনী উপজেলার দীঘলকান্দি গ্রামে অবস্থিত কলম উদ্যানের প্রতিষ্ঠাতা ও মালিক গোলাম নবী কলম ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যু কালে তার বয়স হয়েছিল ৭৫ বছর।

তিনি অসুস্থতা জণিত কারণে মেহেরপুর সদর হাসপাতালে ভর্তি ছিলেন। চিকিৎসারত অবস্থায় গত সোমবার রাত সাড়ে নয়টার সময় শেষ নিশ্বাস ত্যাগ করেন।

মৃত্যু কালে তিন ছেলে, এক মেয়ে ও স্ত্রী সহ অসংখ্য ভক্ত বৃন্দ রেখে যান।

মৃত গোলাম নবী কলম ছিলেন, এক জন বৃক্ষ প্রেমী, বাউল সাধক ও ফকির লালন শাহ্’র ভক্ত। তিনি ছিলেন সংগীত ও শিল্পের প্রতি অসম্ভব অনুরাগী। তিনি কবি নজরুল ও ফকির লালন শাহ্’র গান বেশি পছন্দ করতেন। তার উদ্যানে অবস্থিত বারাম খানায় ভক্তদের নিয়ে সময় কাটাতেন।

আজ মঙ্গলবার সকাল দশটার সময় জানাযা শেষে পারিবারিক গোরস্থানে দাফন করা হয়।

তার মৃত্যুতে তার ভক্ত বৃন্দ সহ অসংখ্য সুধীজন শোক প্রকাশ করেন।

কোটচাঁদপুরে মামাকে পিটিয়ে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে আজ উপ-নির্বাচন

আজ মঙ্গলবার সকাল ৮ টা থেকে আলমডাঙ্গার ডাউকি ইউনিয়ন পরিষদের উপ-নির্বাচনে ভোট গ্রহণ শুরু হচ্ছে। নির্বাচনে চারজন চেয়ারম্যান প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বীতা করছেন। ইউনিয়নের চেয়ারম্যান লুৎফর রহমানের মৃত্যুর পর চেয়ারটি শূন্য হয়।

চেয়ারম্যান প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বীতা করছেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম। তিনি নৌকার প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বীতা করছেন। একই পদে প্রতিদ্বন্দ্বীতা করছেন ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নাজমুল হুসাইন। তিনি আনারস প্রতীক নিয়ে লড়ছেন।

অপরদিকে, যুবলীগ নেতা মাসুদ রানা মোটরসাইকেল নিয়ে প্রতিদ্বন্দ্বীতায় নেমেছেন। তিনি গত নির্বাচনেও প্রতিদ্বন্দ্বীতা করে জয় পাননি। ইউনিয়ন বিএনপির সভাপতি ইউনুস আলী ধানের শীষ প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বীতা করছেন।

১৮ হাজার ৭শ ৩১ জন জনসংখ্যার ডাউকি ইউনিয়ন ১১ টি গ্রাম নিয়ে গঠিত। ইউনিয়নটিতে মোট ভোটারের সংখ্যা ১১ হাজার ১শ ৯০ জন। এর মধ্যে নারী ভোটার ৫ হাজার ৫শ ৮৯ জন এবং পুরুষ ভোটার ৫ হাজার ৬শ ১ জন।

আলমডাঙ্গা রিটার্নিং অফিসার বলেন, সকাল ৮ টা থেকে বিরতীহীন ভাবে বিকেল ৪ টা পর্যন্ত টানা ভোট গ্রহণ চলবে। এরপর ভোট গণনা শেষে ফলাফল প্রকাশ করা হবে।

থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর জানান, পুরো ইউনিয়ন নিরাপত্তার চাদরে ইতোমধ্যে ঢেকে দেওয়া হয়েছে। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের স্বার্থে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া বিভিন্ন গোয়েন্দা বিভাগের কর্মকর্তারা সাদা পোষাকে ইউনিয়নে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। তিনি বলেন, স্মরণকালের সুষ্ঠু ভোট হবে ডাউকি ইউনিয়নে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]